

# বাঁধভাঙা উচ্ছ্বাসে শিক্ষার্থীরা

## জেএসসি ও পিইসি পরীক্ষার ফল

### ■ তামিম মজিদ

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষার ফল প্রকাশের পর গতকাল বাঁধভাঙা উচ্ছ্বাসে মেতে উঠে শিক্ষার্থীরা। ক্ষুদে শিক্ষার্থীদের ভালো ফলে দেশজুড়ে শিক্ষা প্রতিষ্ঠানে চলে উল্লাস। অভিভাবক-শিক্ষকরাও সেই উল্লাসে শরিক হয়ে উৎসব মাতিয়ে তোলেন। তবে আগের বছরের তুলনায় পিইসি ও জেএসসি পরীক্ষায় পাসের হার কম হলেও সার্বিক ফলে সম্ভবত কথটা জানিয়েছে বিভিন্ন স্কুলের কর্তৃপক্ষ।

ডিকারননিনসা নুন স্কুল অ্যান্ড কলেজ: এবারের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় শতভাগ পাস করেছে রাজধানীর ডিকারননিনসা নুন স্কুল অ্যান্ড কলেজ। এই স্কুলে মোট ১ হাজার ৭০০ পিইসি পরীক্ষার্থীর মধ্যে মাত্র ৩৯ জন জিপিএ-৫ পায়নি। প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ নাজনীন ফেরদৌস বলেন, এই ফলাফলে আমরা সন্তুষ্ট। আমাদের এই সাফল্যের পেছনে অভিভাবক ও শিক্ষকদের যথেষ্ট পরিশ্রম রয়েছে। ডিকারননিনসা স্কুল থেকে পিইসি পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া এক শিক্ষার্থীর মা সালেহা বেগম বলেন, মেয়ের এই ফলাফলে অনেক আনন্দিত তারা।

রাজউক উত্তরা মডেল স্কুল অ্যান্ড কলেজ: কাঙ্ক্ষিত ফলাফল অর্জন করায় উল্লাসে মেতে উঠেন রাজউক উত্তরা মডেল স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী-শিক্ষক-অভিভাবকরাও। এই প্রতিষ্ঠান থেকে জেএসসি পরীক্ষায় ৬৫৪ জন অংশ নিয়ে ৬৫৩ জন পাস করেছে। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৬৩১ জন। জেএসসি পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থী জারাতুল ফেরদৌস বলেন, এই অর্জন শুধু আমার একা নয়। এর পেছনে আমার মা-বাবা ও শিক্ষকদের অবদান রয়েছে।

অগ্রণী স্কুল এন্ড কলেজ: রাজধানীর আজিমপুর কলোনির অগ্রণী স্কুল এন্ড কলেজ থেকে এবারের প্রাথমিক সমাপনী পরীক্ষায় ৪১৪ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে সবাই কৃতকার্য হয়েছে। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ১৮০ জন। জেএসসি পরীক্ষায় ৫০৩ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেছিল। পাসের হার ৯৭ ভাগ। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ১২৬ জন। প্রতিষ্ঠানের অধ্যক্ষ রেজাউজ্জামান উইয়া বলেন, বিদ্যালয় পরিচালনা

কমিটির সার্বিক তত্ত্বাবধান ও শিক্ষকদের আন্তরিক প্রচেষ্টায় এই ভালো ফলাফল অর্জন সম্ভব হয়েছে।

এই অর্জন ও সুনাম ধরে রাখতে শিক্ষার্থীদের নিয়মিত অনুশীলন ও অভিভাবকদের সহযোগিতা অব্যাহত

রাখতে হবে।

সামসুল হক খান স্কুল এন্ড কলেজ: ধারাবাহিক সাফল্য অর্জন



ফল প্রকাশের পর অগ্রণী স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীরা আনন্দে মেতে উঠে

—ইত্তেফাক



উল্লসিত সামসুল হক খান স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীরা

—ইত্তেফাক



মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীদের উল্লাস

—ইত্তেফাক

করেছে রাজধানীর সামসুল হক খান স্কুল এন্ড কলেজ। এবারের পিইসি পরীক্ষায় ১ হাজার ১৯ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে শতভাগ পাসসহ ৯২৬ জন জিপিএ-৫ পেয়েছে। জেএসসি পরীক্ষায় ১ হাজার ৬২ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে শতভাগ পাসসহ ৯০০ শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে।

সামসুল হক খান স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ড. মাহবুবুর রহমান মোল্লা বলেন, আমরা চাই শিক্ষার্থীর পূর্ণ বিকাশ ও সর্বোচ্চ ফলাফল। এবারের ফলাফলে আমরা অসন্তুষ্ট নই। তবে আমাদের প্রত্যাশা আরো বেশি ছিল।

মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ: প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) এবং জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার ফলাফলে সাফল্যের ধারাবাহিকতা বজায় রেখেছে রাজধানীর অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ। স্কুল শাখায় মাইলস্টোন প্রিপারেটরি কলেজ স্কুল থেকে বাংলা ও ইংরেজি মাধ্যমে ১১৩২ জন শিক্ষার্থী পিইসি পরীক্ষায় অংশ নেয়। উভয় মাধ্যমে পাসের হার শতভাগ। জিপিএ-৫ অর্জন করেছে ১০৯৯ জন।

জেএসসিতে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ থেকে বাংলা ও ইংরেজি মাধ্যমে ১১৩৫ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নেয় এবং উভয় মাধ্যমে পাসের হার শতভাগ। জেএসসিতে জিপিএ-৫ পেয়েছে ৮৪৩ জন।

কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. সহিদুল ইসলাম বলেন, শিশুদের পরীক্ষায় সেরা ফলাফল অর্জন আমাদের অভিজ্ঞতা ও সর্বাঙ্গিক প্রচেষ্টার ফসল। শিশুবান্ধব পড়ার পরিবেশ, দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক শিক্ষিকা এবং অভিভাবকদের সর্বাঙ্গিক সহযোগিতা ছিলো বলেই আমরা প্রত্যাশা মতো ভালো ফলাফল করতে পারছি।

মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ: এবার জেএসসি পরীক্ষায় মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজে ৯৯ দশমিক ৮৭ শতাংশ পাস করেছে। ফেল করেছে দুইজন। ২০১৫ সালে পাসের হার ছিল শতভাগ। এ বছর মোট ১ হাজার ৫৬ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছে। এর মধ্যে ১ হাজার ৫৪ জন শিক্ষার্থী পাস করেছে। জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৪৩১ শিক্ষার্থী।